গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট
E-mail: gwcsyl@gmail.com, Phone: 0821-714564
www.sgwc.edu.bd, EIIN:130453

বি: নং- ২৬

তারিখ: ২০-০৭-২০২৬খ্রি.

# বিজ্ঞপ্তি

সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট এর স্নাতক (পাস ও সম্মান) এবং স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের জাননো যাচ্ছ যে,জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোর শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশ ও সুস্থ বিনোদনের জন্য বর্তমান সরকারের 'লার্নিং উইথ হ্যাপিনেস' অঙ্গীকারের অংশ হিসেবে দেশব্যাপী শুরু হচ্ছে 'আন্তঃকলেজ সাংস্কৃতিক, বিতর্ক ও ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬'।

ইভেন্টসমূহের মধ্যে রয়েছে- একক বিভাগে দেশাত্মবোধক গান, নজরুল সংগীত, রবীন্দ্র সংগীত, আধুনিক গান, লোকগীতি, আবৃত্তি, অভিনয়, নৃত্য ও উপস্থিত বক্তৃতা। দলীয় বিভাগে গণসংগীত, সৃজনশীল দলীয় নৃত্য ও বিতর্ক।

দেশজুড়ে অনুষ্ঠিতব্য এই প্রতিযোগিতায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে স্নাতক (পাস ও সম্মান) এবং স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীরা অংশ নিতে পারবেন। অংশ নিতে আগ্রহী প্রতিযোগীদের এই কলেজের **শরীরচর্চা শিক্ষক জনাব রীনা রাণী শর্ম্মা-র** সঙ্গে যোগাযোগ করে আগামী ২৮ জুলাই, ২০২৬খ্রি. তারিখের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য, ইতোমধ্যে জেলা পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতা সফলভাবে সম্পন্ন হয়েছে। জেলা পর্যায়ের বিজয়ীদের নিয়ে আগামী ২৩ আগস্ট থেকে ১০ অক্টোবর ২০২৬ পর্যন্ত 'বিভাগীয় পর্যায়ের' ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

(প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন রশীদ চৌধুরী)
অধ্যক্ষ
সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট

অনুলিপি:

০১। উপাধ্যক্ষ, এই কলেজ।
০২। সম্পাদক (ভারপ্রাপ্ত), শিক্ষক পরিষদ, এই কলেজ।
০৩। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, এই কলেজ।
০৪। শিক্ষক মিলনায়তন, এই কলেজ।
০৫। তথ্য প্রদানকারী কর্মকর্তা, এই কলেজ।
০৬। রীনা রানী শর্মা, শরীর চর্চা শিক্ষক, এই কলেজ, (যথাযথ দায়িত্ব পালনের অনুরোধসহ)
০৭। গ্রন্থাগারিক, এই কলেজ।
০৮। প্রধান সহকারী, এই কলেজ।
০৯। শ্রেণিকক্ষ/হোস্টেল/নোটিশ বোর্ড/গার্ড রুম/ওয়েব সাইট।
১০। অফিস কপি/সংরক্ষণ নথি।